

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৫২৭  
কৈলাসহর, ৩ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন অভিযান ২.০  
উনকোটি জেলায় সভা

কৈলাসহরের সার্কিটহাউসের কনফারেন্স হলে গতকাল দ্বিতীয় পর্যায়ের প্রতি ঘরে সুশাসন অভিযান সফল করে তুলতে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস। সভায় সিদ্ধান্ত নেওয়া হয় আগামী ১৬ নভেম্বর থেকে উনকোটি জেলার বিভিন্ন ব্লকের গ্রামপঞ্চায়েত ও এডিসি ভিলেজের এবং কুমারঘাট পুর পরিষদের বিভিন্ন ওয়ার্ডে সুশাসন শিবির অনুষ্ঠিত হবে। এদিন উনকোটি কলাক্ষেত্রে কৈলাসহর পুর পরিষদের সুশাসন শিবিরেরও সূচনা হবে। শিবিরগুলিতে জনগণকে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা দেওয়া হবে। তাছাড়া আগামী ১০ নভেম্বর জেলার গৌরনগর, চন্ডীপুর, পৈঁচারখল ও কুমারঘাট ব্লকে বিকাশ সভা অনুষ্ঠিত হবে। কৈলাসহর ও কুমারঘাট পুর পরিষদের বিকাশ সভা অনুষ্ঠিত হবে আগামী ১০ ও ১৪ নভেম্বর। সভায় উপস্থিত ছিলেন গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান নারান সিনহা, পৈঁচারখল বিএসি'র চেয়ারম্যান সজল চাকমা, কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়, কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন, উনকোটি জেলার জেলাশাসক রাজীব দত্ত, কৈলাসহর ও কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এবং জেলার বিভিন্ন ব্লকের বিডিওগণ।

\*\*\*\*\*